THE BANGLADESH OBSERVER

তারিখ ... ২০.৬.৮৪ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ১ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

ঢাকা

## বিজ্ঞপ্তি

**স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার জন্য জ্ঞাতব্য**

সরকার দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী নিম্নমাধ্যমিক/মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসায় কর্মরত শিক্ষক ও কর্মচারীর বেতন ও ভাতা বাবদ সরকারী মঞ্জুরী প্রতি কোয়ার্টারে ব্যাংকের মাধ্যমে প্রদান করিয়া আসিতেছেন। এই বিতরণ ব্যবস্থা সুসংহত করার লক্ষ্যে প্রতি মাসে কম্পিউটারে প্রণীত 'মান্থলি পে অর্ডার' (এম, পি, ও,)-এর মাধ্যমে ১৯৮৪ সালের জুন মাস হইতে সরকারী মঞ্জুরী প্রদানের ব্যবস্থা প্রবর্তন করা হইতেছে এবং ইহা পূর্বের মত ব্যাংকের মাধ্যমেই প্রদান করা হইবে।

কম্পিউটারের মাধ্যমে 'মান্থলি পে অর্ডার' (এম, পি, ও,) প্রদানের লক্ষ্যে প্রারম্ভিক পর্যায়ে উপরোক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য জুন, ১৯৮৪-এর একটি খসড়া এম, পি, ও, সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের মাধ্যমে প্রেরণ করা হইয়াছে। এই এম, পি, ও-তে জরিপের মাধ্যমে প্রাপ্ত সকল শিক্ষক/শিক্ষিকার নাম ও অন্যান্য কর্মচারীর সংখ্যা এবং আনুষংগিক তথ্যাদি অন্তর্ভুক্ত হইয়াছে। উল্লেখ্য যে, জুন ১৯৮৪-এর এই খসড়া এম, পি, ও, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক শুধুমাত্র যাচাইয়ের জন্য প্রেরণ করা হইল। এই এম, পি, ও-এর সহিত শিক্ষা মন্ত্রণালয় হইতে একটি স্বব্যাখ্যাত পত্র দেওয়া হইয়াছে এবং সেই সংগে শিক্ষক/শিক্ষিকা সম্পর্কিত তথ্য হালীকরণ (আপডেটিং)-এর জন্য ব্যানবেইস ফর্ম নং এমপিও ১/ক, ফর্ম নং ৮০০ (সংশোধিত) এবং ফর্ম ৮০০ (সংশোধিত)/নির্দেশিকা প্রেরণ করা হইয়াছে।

যেহেতু উল্লেখিত জরিপে লাইব্রেরীয়ানদের জন্য কোন পৃথক তথ্য সংগ্রহ করা হয় নাই সেহেতু যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত গ্রন্থাগারিক বা লাইব্রেরীয়ান আছেন তাহাদের তথ্য ব্যানবেইস ফর্ম নং ৮০০ (সংশোধিত) পূরণ পূর্বক প্রেরণ করিতে হইবে এবং বিষয়টি প্রতিষ্ঠানের পক্ষ হইতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তরের মহা-পরিচালকের বরাবরে (জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে) প্রেরিত পত্রে সবিস্তারে উল্লেখ করিতে হইবে।

প্রত্যেক স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে উক্ত খসড়া এম, পি, ও, প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় সংশোধন ও সংশ্লিষ্ট অন্যান্য ফর্ম পূরণ পূর্বক জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর-এর বরাবরে ফেরত পাঠানোর জন্য অনুরোধ জানানো যাইতেছে।

সচিব

শিক্ষা মন্ত্রণালয়।